

বন্যায় কৃষক ভাইদের করণীয়

রোপা আমন

- * পানিতে ডুবে যাওয়া ধান ক্ষেত থেকে অল্প দিনের মধ্যে পানি সরে গেলে বেঁচে যাওয়া চারার পাতায় পলিমাটি লেগে থাকলে পানি ছিটিয়ে ধুয়ে দিন এবং হালকা ইউরিয়া সার উপরি প্রয়োগ করুন।
- * আংশিক ক্ষতিগ্রস্ত জমির কম ক্ষতিগ্রস্ত পাশের চারার গোছা থেকে কুশি তুলে নিয়ে অপর পাশের ফাঁকা জায়গাগুলো পূরণ করে দিন।
- * বন্যামুক্ত উঁচু জায়গায় বীজতলা তৈরি করে নাবি জাতের ধান বিআর-২২/বিআর-২৩/বিনাশাইল/নাইজারশাইল-এর বীজ ভাদ্র মাসের মাঝামাঝি পর্যন্ত বীজতলায় বপন করতে পারেন।
- * উফসী চারা না পাওয়া গেলে স্থানীয় জাতের আমন ধান (গাইঞ্জা, সাইটা, গড়িয়া) এর গজানো বীজ আশ্বিনের মাঝামাঝি পর্যন্ত ছিটিয়ে বপন করুন।
- * বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকায় উঁচু জমির অভাবে কলার ভেলায় ভাসমান বীজতলা তৈরি করুন।
- * নাবী রোপণের বেলায় প্রতি গুছিতে ৬/৭টি করে বয়স্ক চারা রোপণ করুন।

আউশ ধান ও পাট

- * আউশ ধান শতকরা ৮০ ভাগ পাকলেই কেটে সংগ্রহ করা যায়। ডুবে গেলে বা ডুবে যাওয়ার আশঙ্কা থাকলে জরুরি ভিত্তিতে আউশ ধান ও পাট কেটে নিন।

আগাম রবি ফসল

- * পানি নেমে যাওয়ার সাথে সাথে পাতা জাতীয় সবজি যেমন- গিমাকলমি, লাকশাক, ডাঁটাশাক, পালংশাক এসবের চাষ করুন। এছাড়া উঁচু জায়গায় বা কলার ভেলায় আগাম শীতকালীন সবজি টমেটো, বেগুন, লাউ, মিষ্টিকুমড়া ইত্যাদির চারা তৈরী করুন, যাতে বন্যার পানি সরে গেলে এসব সবজি দ্রুত লাগানো যায়।
- * চারা রোপণ উপযোগী সবজির জমিতে, বাড়ির আঞ্জিনায় বা বাঁধের ধারে সবজির চারা উৎপাদন করুন। শুকনো জায়গার অভাব হলে মাটির চাড়ি, কাঠের বাস্ক, কাটা ড্রাম, ভাসমান কচুরিপানার স্তুপ, কলার ভেলা এসবে আগাম শীতকালীন সবজির চারা উৎপাদন করতে পারেন।
- * বন্যার পানি সরে গেলে 'জো' আসার পর বিনা চাষে ভুট্টা ও সরিষার বীজ বপন এবং আলু, চীনাবাদাম, রসুন চাষ করা যায়।
- * বন্যার পানি নেমে গেলে ভেজা মাটিতে মাসকলাই, খেসারি, মুগ বীজ বুনে দিতে হবে। এসব স্বল্প মেয়াদী ফসল তোলার পরে একই জমিতে অন্যান্য রবি ফসলের আবাদ করা যাবে।
- * রোপিত ফলের চারার গোড়ায় পানি জমে থাকলে নালা কেটে পানি নিকাশের ব্যবস্থা নিন।
- * আংশিক ক্ষতিগ্রস্ত শাকসবজি, ফল ও অন্যান্য ফসলী জমির রস কমানোর জন্য মাটি আলগা করে ছাই মিশিয়ে দিন এবং সামান্য ইউরিয়া ও পটাশ সার প্রয়োগ করুন।
- * বেড়ে তৈরি শিম, লাউ প্রভৃতি সবজি চারার গোড়ায় পানি এলে চারাগুলো মাটির পাত্রে বা কলাগাছের খোলে ভাসিয়ে রাখার ব্যবস্থা করুন, যাতে পানি সরে গেলে আবার মাটিতে লাগানো যায়।

বিস্তারিত জানার জন্য নিকটস্থ উপসহকারি কৃষি কর্মকর্তা বা
উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর